উপজেলা আইন -শৃংখলা কমিটির অক্টোবর/২০১৯ মাসের সভার কার্য-বিবরণীঃ

তারিখ : ৩০/১০/২০১৯ খ্রিঃ
সময় : সকাল-১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভাপতি : এস এম জামাল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

সভার শুরুতে সাঁথিয়া উপজেলা আইনশৃংখলা কমিটির সভাপতি, উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা ও আতাইকুলা থানা, পাবনা ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত দুইটি থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

অক্টোবর, ২০১৯ ঃ অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নির্যাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৪ | - | - | - | ১৩ | - | - | - | ০৮ | ২৫ |

সেপ্টেম্বর' ২০১৯

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নির্যাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | - | - | - | ৩২ | - | - | - | - | ৩৫ |

২.০ বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

সেপ্টেম্বর/২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | মোবাইল কোর্ট : অক্টোবর ২০১৯ মাসে উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া ,পাবনা সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ এর ৭ ধারায় ০২ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ০১ জনকে ৩০০০.০০ টাকার জরিমানা আদায় করা হয় এবং ০৩ জনকে বিভিন্ন কারাদন্ড প্রদান করা হয়। ০২ টি মোবাইল কোর্ট করে বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন ১৮৬৭ এর ১৩ ধারায় ০৫ জনকে ৩০০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। ০১টি মোবাইল কোট পরিচালনা করে ০২ জনকে মৎস্য আইন ১৯৫০ এর ৫ ধারায় ৮০০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। ০১টি মোবাইল কোট পরিচালনা করে ০১ জনকে অত্যাবশ্যকীয় পণ্য আইন ১৯৫৬ এর ৩ এবং ৬ ধারায় ১০০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। ০২ টি মোবাইল কোট পরিচালনা করে ০২ জনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় ৬০০০.০০ টাকা আদায় করা হয়। ০২ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ মোতাবেক ০২ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়। জনস্বার্থে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। সভাপতি সভায় জানান যে, ভেজাল বিরোধী অভিযান আগামীতে জোরদার করা হবে। গ্যাস, পেট্রোল যেখানে সেখানে বিক্রয় নিষেধ। এ ব্যাপারে সভাপতি সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। | জনস্বার্থে সরকারি বিধি মোতাবেক খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সাঁথিয়া, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানাএবং সংশ্লিষ্ট সকল |
| ০২। | বাল্য বিবাহ নিরোধ : সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান হয় যে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ নিরোধ কমিটি গঠন করা হয়েছে। চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোধ আইনে জেল-জরিমানা করায় বাল্য বিবাহ কমে গেছে। চেয়ারম্যান, করমজা ইউপি সভায় জানান যে, করমজায় বাল্য | প্রত্যেক ইউনিয়ন পরিষদে কাজী অফিস স্থানান্তরের সিদ্ধান্ত পুণঃ গৃহিত হয়। বাল্য বিবাহ নিরোধে | চেয়ারম্যান সকল, কাজী সকল এবং সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | বিবাহের কারণে ০১ জনকে জেলা প্রদান করা হয়েছে। করমজা ইউপি এর পিছনের বিল্ডিং এর পিছনে পায়খানায় দূর্গন্ধ ছড়ায়। চেয়ারম্যান, কাশিনাথপুর ইউপি সভায় জানান যে, কাশিনাথপুর ইউনিয়ন পরিষদে বাল্য বিবাহ কম। চেয়ারম্যান, ভুলবাড়ীয়া ইউপি সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোধে কার্যকর আইনগত ব্যবস্থা নেয়ায় বাল্য বিবাহ কমে গেছে। সভাপতি, সাঁথিয়া প্রেসক্লাব সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোধে কাজী ও ইমামদের নিয়ে সভা হওয়ায় বাল্য বিবাহ তুলনামূলক কম। অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, বালিকা বিদ্যালয়ে মনিটরিং করায় বাল্য বিবাহ কমে গেছে। মোঃ মোজাম্মেল হোসেন খান, বিশিষ্ট সমাজসেবক সভায় জানান যে, বাল্য বিবাহ নিরোধে গনসচেতনতা বাড়ছে। শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহের কুফল জানালে বাল্য বিবাহ নিরোধ হবে। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, বাল্য বিবাহের কোন ছাড় নেই। | চেয়ারম্যানসহ কাজীদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩। | **জঙ্গী ও সন্ত্রাস দমন:** সভাপতি সভায় উপস্থিত সকলকে আবারো স্বাগত জানিয়ে জানান হয় যে, সাঁথিয়ায় কোন জঙ্গী ও সন্ত্রাসের স্থান নেই। চেয়ারম্যান, নাগডেমড়া ইউপি সভায় জানান যে, ২৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে সন্ত্রাসী গ্রেফতার হয়েছে। সঠিক পরিচয় তুলে ধরেছেন। চেয়ারম্যান নাগডেমড়া ইউপিকে হেয় করার জন্য তাঁর ভাতিজা বলে সংবাদ পরিবেশন করা হয়েছে। উক্ত চেয়ারম্যান ,নাগডেমড়া ইউপি এর ভাতিজা নয়। জনাব মোঃ রবিউল করিম হিরু সভয় জানান যে, ২০০১ এর নির্বাচনোত্তর প্রত্যেক মাসে জঙ্গী ও সন্ত্রীর হাতে ২/৩ জন খুন হতো। বর্তমান সময়ে সেটি দেখা যায় না। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সন্ত্রাসী/মাদক থাকলে জানাবেন সাথে সাথে ব্যবস্থা নেব। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, জঙ্গী ও সন্ত্রাস কররে, কোন বেআইনি কাজ করলে পুনরায় গোপনীয় রিপোর্ট দিলে মাননীয় প্রধানমন্ত্রী দেখবেন। | চেয়ারম্যানগণ বাড়ী ভাড়া ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়াদের বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদেরকে প্রদানের পুণঃ সিদ্ধান্ত গৃহিত হয়। নতুন আগত লোকদের বিশেষ নজরদারীতে রাখার আইন-শৃঙ্খলা বাহিনীকে পুনঃ নির্দেশনা প্রদান করা হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, চেয়ারম্যান সকল ইউপি, সভাপতি, হাটবাজার ব্যবস্থাপনা কমিটি সকল, ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |
| ০৪। | **চুরি ডাকাতি :** চেয়ারম্যান, ভুলবাড়ীয়া ইউপি সভায় জানান যে, চোর ধরে আইনগত ব্যবস্থা নেয়ায় চুরি কমে গেছে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, বর্তমানে পাবনা জেলা কারাগারে অনুর্ধ ১৮ বছরের কোন শিশু /কিশোর আটক নেই। তিনি ১৯৬০ সালের প্রবেশন আইন এবং ২০১৩ সনের সংশোধিত আইন সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, অনুর্ধ ১৮ বছরের কোন শিশু /কিশোর অপরাধ করলে পারিবারিক বন্ধনে রেখে সংশোধনের সুযোগ থাকে। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় উপস্থিত সকলকে সু-স্বাগত জানিয়ে বলেন যে, গরু পালনকারী একটু সচেতন হলে গরু চুরি কম হয়। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সাঁথিয়া ডিগ্রী কলেজের পাশে বসবাসকারী গরীব লোকটার প্রথমে গরু পরে ভ্যান চুরি হয়। গরীব লোকটা অসহায় হয়েছে। | জনগণের নিরাপত্তার জন্য ইউপি চেয়ারম্যানগণ গ্রাম পুলিশের পাহাড়া নিযুক্ত করে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সামজস্যপূর্ণ রাখার পাশাপাশি গরু/মহিষ চুরি করে কৃষককে চরম ক্ষতিগ্রস্থ হতে না হয় সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে নিবিড় ভাবে কাজ করার পুণঃ নির্দেশনা প্রদান করা হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, চেয়ারম্যান সকল, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা |
| ০৫। | **মাদক দ্রব্য সংক্রান্ত :** সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান হয় যে, মাদকের বিরুদ্ধে অভিযান চলছে। চেয়ারম্যান, কাশিনাথপুর ইউপি , সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা বাহিনী তৎপর। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদক/সন্ত্রাসী থাকলে জানালে সাথে সাথে আইনগত ব্যবস্থা নেয়া হবে। চেয়ারম্যান, করমজা ইউপি,সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা বাহিনীর কঠোর অবস্থানে থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। চেয়ারম্যান, গৌরিগ্রাম ইউপি সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকে যারা ধরা পড়ে জেলে ছিল তারা ছাড়া পেয়ে আবারো মাদকের ব্যবসা শুরু করছে। জরুরী ভিত্তিতে তিনি মাদকের বিরুদ্ধে অভিযানের পুনঃ আহবান জানান। চেয়ারম্যান, নাগডেমরা ইউপি , সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের উৎপাত আছে। সভাপতি, সাঁথিয়া প্রেসক্লাব, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের রুট পরিবর্তনের সাথে সাথে আইন-শৃঙ্খলা বাহিনীকে কৌশল পরিবর্তন করে অভিযান করার আহ্বান জানান। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা , পাবনা সভায় জানান যে, ১৩ টি মাদকের মামলা হয়েছে। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের উৎপাত আগের চেয়ে কম। আইন-শৃঙ্খলা বাহিনীকে মাদকমুক্ত করতে আহ্বান জানান। মাননীয় সংসদ সদস্য-৬৮,পাবনা-১ মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান যে, কঠোর হুসিয়ারি করে বলেন, মাদকের ছাড় নেই। | ইউপি/ পৌর ওয়ার্ড ভিত্তিক ০৫ সদস্য বিশিষ্ট মাদক নিরাময় / প্রতিরোধ কমিটি গঠন এবং ইউনিয়ন মা,কত নিরাময় / প্রতিরোধ কমিটি গঠনের জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহিত হয়। ছিনতাই, গণধর্ষন, হত্যকান্ড বন্ধ করার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা, পাবনা কে গ্যাং দিয়ে সঠিক ইনফরমেশন মতে প্রকৃত দোষীকে ধরার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |

| | | | |
|---|---|---|---|
| ০৬। | **যানজট :** সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জানান যে, যানজট নিরসনে মেয়র, সাঁথিয়া পৌরসভা , সাঁথিয়া, পাবনাকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে পুনঃ আহ্বান জানান। সভাপতি, ব্যবসায়িক সমিতি, সাঁথিয়া বাজার, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সাঁথিয়া বাজারে যানজট লেগেই থাকে। মেয়র, সাঁথিয়া পৌর সভা, সাঁথিয়া, পাবনাকে মোড়ে মোড়ে ট্রাফিকের ব্যবস্থা করতে আহ্বান জানান। সরকারি রোডে অস্থায়ী দোকান দেয়। কিছু কিছু দোকান উঠায়ে দেয়ায় যানজট কমছে। সভাপতি সভায় জানান যে, ট্রাফিক পুলিশ নিয়োগের জন্য চাওয়া হবে। মেয়র, সাঁথিয়া পৌরসভা সভায় জানান যে, ট্রাফিক নিয়োগে প্রস্তাব এসেছে। ৩(তিন) জন ট্রাফিক/লোক দেয়া হয়েছে। হাটবাবে ট্রাক/গাড়ীতে মালামাল লোড/ আনলোড করা নিষিদ্ধ করা হয়েছে। তবুও হাটবারে এ ধরণের মালামাল লোড/ আনলোড হয়। তিনি সভাপতি, ব্যবসায়িক সমিতি, সাঁথিয়া, পাবনা কে ব্যাপারটা দেখার আহ্বান জানান। বাইপাস সড়ক নির্মাণে টেন্ডার হয়েছে। বাইপাস রোড নির্মাণ হলে যানজট কমে যাবে। সরকারি সড়কে ফলের দোকান উঠানো হয়েছে। যানজট নিরসনে কর্যকর ব্যবস্থা নেয়া হবে। সভাপতি, সাঁথিয়া প্রেসক্লাব, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, রাস্তায় ঘাস বিছায়ে দূর্ঘটনা বাড়ায়। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, রাস্তায় ঘাস বিছানো বন্ধ করতে আইন-শৃঙ্খলার পাশাপাশি ছাত্রলীগকে বলা হয়েছে। | তিন মাথা মোড়ে জেলা পরিষদের জায়গায় অবৈধ দখল মুক্ত করার নিমিত্ত উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>যানজটমুক্ত করণে, সিএনটি চালকদের নির্ধারিত স্ট্যান্ড ব্যবহার এবং টোল আদায় সংক্রান্ত বিষয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, আইন-শৃঙ্খলা বাহিনী , সহকারি কমিশনার(ভূমি) , সংশ্লিষ্ট সকল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, সাঁথিয়া পৌরসভা, ওসি, সাঁথিয়া থানা, স্থানীয় গণ্যমান্য |
| ০৭। | **বিবিধ (১) জেএসসি/ জেডিসি /এসএসসি/এইচএসসি/ ডিগ্রি পরীক্ষা :** অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, পরীক্ষার দিনগুলোতে পরীক্ষার্থী যাতে নিবিঘ্নে চলাচল করে এবং সুষ্ঠু ও সুন্দুর নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দিতে পারে সেজন্য যানজট মুক্ত রাখার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানাকে বিশেষ সতর্ক ব্যবস্থা নেয়ার জন্য পুনঃ অনুরোধ করেন। | | |
| | **(২) ইভটিজিং :** সভাপতি সভায় উপস্থিত সকলকে বিগত সময়ে সাঁথিয়ায় ইভটিজিং না হওয়ায় সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানান।<br>(৩) জলাবদ্ধতা নিরসন : সভাপতি, সাঁথিয়া প্রেসক্লাব, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সূতি জাল দ্বারা মাছ ধরে পানির প্রবাহে বাধা সৃষ্টি করছে। আসন্ন রবি ফসলে কৃষকের অসুবিধা হচ্ছে। এছাড়া বৃষ্টির পানি জমে থাকায় কৃষক সময়মত ফসল করতে পারছে না। জনাব মোঃ মোজাম্মেল হক খান, সভায় জানান যে, যথার্থ বলা হয়েছে। চেযারম্যান, গৌরিগ্রাম ইউপি সভায় জানান যে, পিয়াজসহ কৃষকের রবি শষ্য আবাদে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। পানি উন্নয়ন বোর্ডকে বলে ক্যানালের পানি নিষ্কাষনের ব্যবস্থা নিতে আহ্বান জানান। সাথে সাথে মাননীয় সংসদ সসদ্য-৬৮, পাবনা-১ কৈটোলা ব্রীজের সুয়েজ গেট খোলার নির্দেশনা প্রদান করেন।<br>**(৪) দুর্গা পূজা** : সভাপতি, দূর্গা উদ্‌যাপন কমিটি, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, শান্তিপূর্ণভাবে শারদীয় দূর্গা পূজা উদ্‌যাপিত হয়েছে। সংশ্লিষ্টকে ধন্যবাদ জানান। এছাড়াও ভোলার মত ফেসবুকে নবীকে নিয়ে কটুক্তি না করতে আহ্বান জানান। কেননা বিশ্বনবী। অর্থাৎ বিশ্ববাসীর নবী। সব মানুষের নবী। কটুক্তি করার কোন যুক্তি নেই। | | অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র,সাঁথিয়া পৌরসভা, চেয়ারম্যানগণ , ইউপি সংশ্লিষ্ট সকল |

৮.০। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস এম জামাল আহমেদ)
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫.১৯- ১৬৬২ (৪০) তারিখ- ৩০-১০-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ................................................ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। ওয়েব পোর্টালে upload করার জন্য অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, ---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম--------------------------------------------

(এস এম জামাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া,পাবনা।
টেলিফোন নম্বরঃ ০৭৩২৭-৫৬১০১
ই-মেইলঃ. unosanthia@mopa.gov.bd